

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/সি-০২/২০১১/ ১৪০৭

তারিখঃ ১৫ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ  
৩০ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় গ্রেডের (১১-১৭ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশাঃ-২/মেডিঃকঃঃঃ/সিএস-অন্যান্য/ছাড়পত্র-১১/২০১৮/২০৪৯, তারিখঃ ০৮/০৫/২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) শংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণ এবং নিম্নবর্ণিত শর্তে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ কার্যালয়ে ৩য় গ্রেডের (১১-১৭ গ্রেড) ১৩টি শূন্য পদের মধ্যে নিয়োক্ত ৬নং কলামে বর্ণিত কারণে সর্বমোট ১০টি পদ বাদ দিয়ে অবশিষ্ট ০৩টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হইল ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত শূন্য পদ (সংরক্ষিত পদসহ)	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে পদ/পদোন্নতিযোগ্য পদ এবং না দেয়ার কারণ	সংরক্ষিত পদ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ	১	সহকারী নার্স	০৪	-----	নিয়োগ বিধিমালা বহির্ভূত পদ	
	২	পরিসংখ্যান কর্মকর্তা	০১	-----	নিয়োগ বিধিমালা বহির্ভূত পদ	
	৩	ফার্মাসিস্ট	০২	০২		
	৪	মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব)	০১	০১		
	৫	মেডিকেল টেকনোলজিস্ট (ফিজিও)	০১	-----	নিয়োগ বিধিমালা বহির্ভূত পদ	
	৬	মেডিকেল টেকনোলজিস্ট (ব্লাড ব্যাংক)	০২	-----	নিয়োগ বিধিমালা বহির্ভূত পদ	
	৭	মেডিকেল টেকনোলজিস্ট (বায়োকেমিস্ট)	০১	-----	নিয়োগ বিধিমালা বহির্ভূত পদ	
	৮	সহকারী হিসাব রক্ষক	০১	-----	নিয়োগ বিধিমালা বহির্ভূত পদ	
			সর্বমোট=১৩ টি	সর্বমোট=০৩টি		

শর্তাবলী:

- সকল আনুষ্ঠানিকতা পালনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- পদোন্নতিযোগ্য/বদলিজনিত/চাকুরিচ্যুতিজনিত কারণে শূন্য পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবিষ্কৃতভাবে অবহিত করতে হবে;
- প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য অঙ্কে কোন গরমিল/ভারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- বর্তমানে ছাড়কৃত ০৩টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে/নিয়োগ কার্যক্রম চলমান থাকে/পদের বিরুদ্ধে মামলা থাকে, সেসব পদে জনবল নিয়োগ করা যাবে না;
- সাংগঠনিক কাঠামো ও পদসৃষ্টির আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃষ্টির আদেশে পদ থাকলে ২০১৮ সালে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না;
- ২০১৮ সালে প্রণীত নিয়োগ বিধিমালায় নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য প্রতিটি পদের ক্ষেত্রে শূন্য পদের মধ্যে ১০% পদ সংরক্ষণ রাখতে হবে;
- বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা ২০১৮ অনুসারে নিয়োগের জন্য প্রস্তাবকৃত শূন্য পদ, পদোন্নতিযোগ্য পদ, পদ সৃষ্টি, মামলা ইত্যাদি যাচাই/বাছাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হইল।

১৫.১০.২০১৮  
(মোঃ শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
sasadmin1@mohfw.gov.bd

বিতরণঃ

- মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)
- তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, কিশোরগঞ্জ

অনুলিপিঃ

- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- সিষ্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়